

প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা / বাংলা ফসল বীমা যোজনা

করলে ফসল বীমা, কমবে দুর্গতির সীমা

ফসলবীমা যোজনার মাধ্যমে বীমাকারী কৃষকদের প্রাকৃতিক কোন কারণে ফসলের ক্ষতি হলে কিছুটা আর্থিক সহায়তা পেয়ে থাকেন। এর ফলে ঋণী কৃষকদের পরবর্তী মরশুমে ফসল চাষে তার ঋণ পাওয়ার সম্ভাবনা যেমন বেশী হয় তেমনই চাষের ধারাবাহিকতা বজায় রাখতে পারেন। অন্যদিকে ঋণদান সংস্থাগুলি ঋণপ্রদান ব্যবসায় উপকৃত হন।

কখন কি ভাবে কোথায় বীমা করতে হবে :

যাঁরা চাষের জন্য কোন ঋণদান সংস্থা, যেমন বানিজ্যিক, গ্রামীণ বা কোঅপারেটিভ ব্যাংক থেকে ঋণ নেন তাঁদেরকে ঋণ দেওয়ার সময় ফসলকে বীমার আওতায় আনা হয়।

অঋণী কৃষকদের ক্ষেত্রে নির্দিষ্ট সময়ের মধ্যে ঋণদান সংস্থায় (ব্যাংক) একটি অ্যাকউন্ট খুলে বিজ্ঞাপিত এলাকায় বিজ্ঞাপিত ফসল চাষ করছেন তার প্রমান পত্র সহ একটি ফর্ম পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করার সময় নিম্নলিখিত নথিপত্র জমা করা আবশ্যিক।

১. আধার কার্ড/আধার এনরোলমেন্ট আই ডি স্লিপের প্রতিলিপি (আধার এনরোলমেন্ট আই ডি স্লিপের ক্ষেত্রে ভোটার আই ডি কার্ড/ড্রাইভিং লাইসেন্স/ব্যাঙ্ক পাসবই/ফটো সহ কে সি সি পাসবই/এন আর ই জি এ জব কার্ড এর প্রতিলিপি জমা দিতে হবে)।
 ২. ব্যাঙ্ক পাসবইয়ের প্রতিলিপি সহ ব্যাঙ্ক অ্যাকউন্ট নম্বর
 ৩. জমির দলিল/খতিয়ান/পরচা/পাট্টা/ঢ্যাক্স রিসিপ্টের প্রতিলিপি
- রবি, ২০১৭-১৮ মরশুমে ঋণী এবং অঋণী কৃষক উভয় ক্ষেত্রে আবেদন করার নির্দিষ্ট সময় ৩১ শে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত।

বীমার আওতায় কোন কোন ক্ষতির ক্ষেত্রে ক্ষতিপূরণ পাওয়া সম্ভব।

- বহুবিস্তৃত বিপর্যয়ের (Widespread calamity) কারণে বিজ্ঞাপিত এলাকার উৎপাদনের ক্ষতি। ক্রপ কাটিং এক্সপেরিমেন্ট (CCE) এর মাধ্যমে এই ক্ষতির মূল্যায়ন করা হয়।
- বিজ্ঞাপিত এলাকায় মরশুমের মধ্যে কোনো প্রতিকূলতার (যেমন বন্যা, দীর্ঘকালীন অনাবৃষ্টি খরা ইত্যাদি) কারণে প্রত্যাশিত উৎপাদনের ক্ষতি (প্রত্যাশিত উৎপাদন অবম উৎপাদনের (Threshold Yield) ৫০% এরও কম হলে)। এক্ষেত্রে বীমা কোম্পানি ও কৃষি বিভাগর প্রতিনিধিরা যুগ্ম নিরীক্ষণের মাধ্যম সঠিক ক্ষতির পরিমাণ নির্ধারণ করবন।
- বিজ্ঞাপিত এলাকার মোট যে পরিমাণ জমিতে বিজ্ঞাপিত ফসল বপন করা হয়েছে/হবে তার ৭৫% বেশি জমিতে বহুবিস্তৃত বিপর্যয়ের (Widespread calamity) কারণে যদি ফসল বপন করা না যায়/অথবা বপন করার পর প্রাথমিক পর্যায়ে নষ্ট হয়ে যায়।
- ঘূর্ণিঝড়, ঘূর্ণিঝড়ের কারণে হওয়া বৃষ্টি অথবা অসময়ের বৃষ্টির কারণে কোনো কৃষকের বীমাকৃত ফসল কেটে জমিতে ছড়িয়ে রাখা অবস্থায় হওয়া ক্ষতি।
- ভূমিস্তলন, শিলাবৃষ্টি এবং জল জমার কারণে (স্থানীয় ঝুঁকি) কোনো কৃষকের বীমাকৃত ফসলের ক্ষতি।
- (স্থানীয় ঝুঁকি অথবা ফসল কাটার পর ঘূর্ণিঝড়, ঘূর্ণিঝড়ের বৃষ্টি অথবা অসময়ের বৃষ্টির কারণে হওয়া ক্ষতির মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট কৃষককে এলাকার ব্যাঙ্ক/সমরায় ব্যাঙ্ক/ব্লকের অথবা মহকুমার/জেলার কৃষি আধিকারিক অথবা বীমা কোম্পানির প্রতিনিধিকে ৪৮ ঘন্টার মধ্যে লিখিত ভাবে জানাতে হবে।)

RELIANCE

GENERAL
INSURANCE

দ্বারা বিতরিত

রাজ্য সরকারের থেকে অধিক তথ্যের জন্য মাটির কথার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের

নি:শুল্ক ফোন নং : ১৮০০-১০৩-১১০০ অথবা ভারত সরকারের থেকে অধিক তথ্যের জন্য

নি:শুল্ক ফোন নং : ১৮০০-১৮০-১৫৫১ কিংবা ভিজিট করুন www.agri-insurance.gov.in অথবা বীমা

কোম্পানীর নি:শুল্ক ফোন নং : ১৮০০-২৭০-০৪৬২ তে যোগাযোগ করুন কিংবা ভিজিট করুন www.reliancegeneral.co.in